# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫৬৪

পর্ব-২৩: চিকিৎসা ও ঝাড়-ফুঁক (كتاب الطب والرقى)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «هَلْ رُئِيَ فِيكُمُ الْمُغَرِّبُونَ؟» قُلْتُ: وَمَا الْمُغَرِّبُونَ؟ قَالَ: «الَّذِينَ يَشْتَرِكُ فِيهِمُ الْجِنُّ» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৪৫৬৪-[৫১] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেনঃ তোমাদের মধ্যে কি মুগর্রিবূন পরিলক্ষিত হয়? আমি জিজ্ঞেস করলামঃ ’মুগর্রিবূন’ কি? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ ’মুগর্রিবূন’ ঐ সমস্ত লোক, যাদের মধ্যে জীন অংশীদার হয়। (আবূ দাঊদ)[1]

ফুটনোট

[1] য‘ঈফ সানাদ : আবূ দাঊদ ৫১০৭, শারহুস্ সুন্নাহ্ ৩২৪৬, য‘ঈফ আবূ দাঊদ ১০৯২।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ, এর সনদে ‘‘আদ্ উম্মু হুমায়দ’’ নামের একজন রাবী। মুনযিরী (রহিমাহুল্লাহ) বলেনঃ তার আসল নাম জানা যায় না। দেখুন- জামিউল ফিক্হ ৫/১৭৪ পৃঃ।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (مُغَرِّبُونَ) ‘মুগররিবূন’ অর্থ- দূরীভূত (আল্লাহর জিকর হতে)।

الَّذِينَ يَشْتَرِكُ فِيهِمُ الْجِنُّ অর্থাৎ তাদের বীর্যে অথবা সন্তানাদিতে। এর কারণ হলো, সহবাসের সময় তারা আল্লাহর জিকর ছেড়ে দিয়েছে। ফলে জীন শয়তান নিজের দেহটি ঐ ব্যক্তির দেহের সাথে মিশিয়ে দিয়ে তার সাথে সহবাস করে।

মহান আল্লাহর বলেনঃ وَشَارِكْهُمْ فِي الْأَمْوَالِ وَالْأَوْلَادِ ‘‘আর শয়তান সম্পদে ও সন্তানে তাদের অংশীদার হও’’-

(সূরাহ্ বানী ইসরাঈল ১৭ : ৬৪)। অতএব প্রতিটি মানুষের উচিত যখন সে তার স্ত্রীর সাথে সহবাস করে তখন যেন এ দু‘আটি পাঠ করে- بِسْمِ اللهِ اَللّٰهُمَّ جَنِّبْنَا الشَّيْطَانَ وَجَنِّبِ الشَّيْطَانَ مَا رَزَقْتَنَا “আমি আল্লাহর নামে আরম্ভ করছি। হে আল্লাহ! তুমি আমাদের থেকে শয়তানকে দূরে রাখো এবং আমাদের যে রিজিক দিবে তা থেকেও শয়তানকে দূরে রেখো”- (সহীহ মুসলিম হাঃ ১১৬-[১৪৩৪])।

সুতরাং যখন এ দু‘আটি পাঠ করা ছেড়ে দিবে ও ‘বিসমিল্লা-হ’ পাঠ না করবে তখন শয়তান তার সাথে সহবাসে মিলিত হবে। আর তাতে সন্তান আসলে সে সন্তানকে মুগর্রিব বলা হবে। কেননা তার সাথে অপরিচিত বংশ প্রবেশ করেছে।

আমাদের সমাজে বহু মানুষ আছে যারা উল্লেখিত দু‘আটি মুখস্থ করে পড়ে নেয়। যারা সহবাসের সময় আল্লাহর নামটি পর্যন্ত স্মরণ করেন না। উল্লেখিত হাদীসটি স্মরণ রেখে শারী‘আতের নির্দেশিত পন্থায় সহবাস করে ইহকালীন শান্তি ও উপকার এবং পরকালীন মুক্তি কামনা করা প্রতিটি মুসলিমের দায়িত্ব ও কর্তব্য। [সম্পাদক]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75288

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন